




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com



তারিখ: ২৬.১২.২০২১ খ্রি.

সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মুরারিচাঁদ কলেজ সিলেট-এ তিন বৎসর মেয়াদী ১ম বর্ষ বি.এ (পাস), বি.এস.এস (পাস) ও বি.এসসি (পাস) কোর্সে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ১ম মেধা তালিকায় মনোনয়ন প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির তফসীল নিম্নে প্রদত্ত হল:

১। (ক) মনোনীত প্রার্থীর www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে চূড়ান্ত ভর্তির ফরম পূরণ করবে, মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে ভর্তির আবেদন ফরমের কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন দিতে হবে।

(খ) প্রতিটি শিক্ষার্থীকে অনলাইনের চূড়ান্ত ভর্তি ফরমের নীচে তার প্রার্থিত কোর্সে ভর্তির জন্য বিষয়গুচ্ছ থেকে সতর্কতার সাথে ০৩ টি নৈর্বাচনিক বিষয় লিখে দিতে হবে।

(গ) অনলাইনের প্রিন্টকৃত ফরম পূরণ করে নির্ধারিত ভর্তি ফি (বিএ/বিএসএস মুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩১৫৫/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩১৬০/- এবং বিএসসি মুসলিম শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩২৫৫/-, অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের ক্ষেত্রে ৩২৬০/-) “রকেট”এর মাধ্যমে আগামী ২৭.১২.২০২১ তারিখ থেকে ০৩.০১.২০২২ খ্রি: তারিখের মধ্যে জমা দিয়ে টাকা জমাদানের ট্রানজেকশন আইডি নম্বর সংগ্রহ করে ফরমের উপরে একটি মোবাইল নম্বরসহ স্পষ্ট করে ট্রানজেকশন নম্বরসহ টাকার অংক লিখতে হবে।

Rocket Biller ID: 4063

জমাদানেরতারিখ	জমাদানের স্থান	কোর্স	মেধাতালিকায় ক্রমিক	সময়
২৭.১২.২০২১ থেকে ০৩.০১.২০২২ সরকারি ছুটির দিন ব্যতিত	তথ্য ও অনুসন্ধান কেন্দ্র	বি.এ/বিএসসি/ বি.এস.এস	১ম মেধা তালিকায় মনোনীত সকল আবেদনকারী	১০টা হতে ১টা পর্যন্ত

২। অনলাইন ভর্তি ফরমের সাথে ০১ সেট নিম্নলিখিত কাগজপত্রাদি জমা দিতে হবে:

- এস.এসসি ও এইচ.এস.সি/ সমমানপরীক্ষার নম্বরফর্দের ফটোকপি।
- এস.এসসি ও এইচ.এস.সি/ সমমানপরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডেরফটোকপি।
- সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি খামের ভিতরে জমা দিতে হবে।
- এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল নম্বর ফর্দ কোর্স সম্পন্ন করার পূর্ব পর্যন্ত জমা থাকবে বিধায় শিক্ষার্থীবৃন্দ কলেজে জমাদানের পূর্বেই এর ফটোকপি নিজের কাছে সংরক্ষণ করবে, ভর্তি বাতিল ছাড়া কোন ক্রমেই মূল নম্বরফর্দ ফেরৎ দেয়া হবে না)।
- মূল নম্বরফর্দ সংরক্ষণের জন্য নাম, ঠিকানা, মোবাইল নম্বর, রোল নম্বর ও PIN নম্বর লিখিত একটি বড় খাম।

৩। বিএ/বিএসএস/বিএসসি এর বিষয়গুচ্ছ ভালভাবে দেখে বিষয় নির্বাচন করতে হবে বিষয় নির্বাচনের ক্ষেত্রে গুচ্ছের নিয়মের ব্যতিক্রম হলে পরবর্তীতে বিষয় সংক্রান্ত কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট

২৭/১২/২১

কলেজ কোড-১৭০১

২০২০-২০২১ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) কোর্সের বিষয়গুচ্ছ সমূহ :

বি.এ (পাস)	আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস নিম্নের যে কোন গুচ্ছ থেকে একটি করে মোট ৩টি বিষয় নিতে হবে। (কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না) ক) ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি খ) দর্শন গ) অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান ঘ) গণিত, ইসলামী শিক্ষা, মনোবিজ্ঞান
বি.এস.এস (পাস)	আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস 'ক' গুচ্ছ থেকে ২টি এবং খ গুচ্ছের যে কোন ১টি বিষয়সহ মোট ৩টি বিষয় নিতে হবে। ক) অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান খ) গণিত, মনোবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন,
বি.এসসি (পাস)	আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস ক গুচ্ছ হতে ২টি এবং খ গুচ্ছ হতে ০১টি অথবা গ গুচ্ছ হতে ২টি ও ঘ গুচ্ছ হতে ০১টি করে মোট ০৩ টি বিষয় নির্বাচন করতে হবে। ক) পদার্থবিজ্ঞান ও গণিত খ) রসায়ন, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা গ) উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা ঘ) রসায়ন, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, পদার্থবিজ্ঞান, গণিত তবে শর্ত থাকে যে, উচ্চমাধ্যমিক পর্যায়ে কোন একটি বিষয় পড়ে না থাকলে বি.এসসি (পাস) কোর্সে সে বিষয়টি গ্রহণ করতে পারবে না।


অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট
২৬/১২/২১